



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

www.jessoreboard.gov.bd

স্মারক নং বিঅ-৬/৬৯০০/ ২০৮৭

তারিখ : ০৭/০৮/১৮

বিষয় : ঝিনাইদহ জেলার কোটচাঁদপুর উপজেলাধীন কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচন প্রসঙ্গে

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের নং-৩৭.০০.০০০০.০৩৭.৩১.০০২,১২-৪১৭ তারিখ: ১৪-১২-২০১৫ খ্রিঃ পত্র মোতাবেক

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের অবগতির জন্য জানান যাচ্ছে যে, ঝিনাইদহ জেলার কোটচাঁদপুর উপজেলাধীন কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য প্রধান শিক্ষক ১৮-০১-২০১৫ খ্রি. তারিখে অত্র অফিসে দাখিল করেন। তাঁর দাখিলকৃত ম্যানেজিং কমিটির সভাপতি পদে মাননীয় সংসদ সদস্য জনাব নবী নেওয়াজ মহোদয়ের নাম প্রস্তাব করেন। কিন্তু জনাব নবী নেওয়াজ ০৪ (চার) টির বেশী প্রতিষ্ঠানে সভাপতির দায়িত্ব পালন করায় প্রধান শিক্ষককে ১৩-০৪-২০১৫ খ্রি. তারিখে বিঅ-৬/৬৯০০/২৮৪ ও ৩০-০৭-২০১৫ তারিখে বিঅ-৬/৬৯০০/১১৪৩ নং স্মারক পত্রে পুনরায় সভাপতি মনোনয়ন করে বোর্ডে দাখিল করার জন্য বলা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে প্রধান শিক্ষক ২৪-০৮-২০১৫ তারিখে জানান সংসদ সদস্য জনাব নবী নেওয়াজ মহোদয়ই সভাপতি হওয়ার ইচ্ছা প্রকাশ করেছেন। ফলে প্রিজাইডিং অফিসারও নতুন সভাপতি মনোনয়ন করতে অপারগতা প্রকাশ করেন। এ প্রেক্ষিতে ০১-১০-২০১৫ তারিখে বিঅ-৬/৬৯০০/১৬৮১ নং স্মারক পত্রে আলোচ্য বিদ্যালয়ের সভাপতি মনোনয়ন সংক্রান্ত নির্দেশনা চেয়ে শিক্ষা মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্র প্রেরণের পর পরই বিদ্যালয় কর্তৃপক্ষ প্রিজাইডিং অফিসারের মাধ্যমে পুনরায় জনাব মোঃ শফিকুল ইসলামকে সভাপতি মনোনয়ন করে বোর্ডে দাখিল করায় ০৫-১১-২০১৫ তারিখে অত্র বোর্ড হতে ম্যানেজিং কমিটি অনুমোদন দেওয়া হয় এবং ২৫-১১-২০১৫ তারিখে বিঅ-৬/৬৯০০/২০২৩ স্মারক পত্রে মহোদয়ের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে পত্র প্রেরণ করা হয়। ইতঃমধ্যে শিক্ষা মন্ত্রণালয়ের ১৭-১১-২০১৫ তারিখের নং ৩৭,০০,০০০০,০৭৩,৩১,০০২,১২-৩৯১ স্মারক পত্রে আলোচ্য বিদ্যালয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তাকে সভাপতি মনোনয়ন দেওয়ার পত্রটি হস্তগত হয়। শিক্ষা মন্ত্রণালয়ের পত্রটি দেহিতে পাওয়ার সভাপতি হিসেবে প্রিজাইডিং অফিসার কর্তৃক নির্বাচিত ব্যক্তিকে সভাপতি করে ম্যানেজিং কমিটি অনুমোদন দেওয়া হয়।


পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয়ের পত্র মোতাবেক জনাব মোঃ শফিকুল ইসলামকে ম্যানেজিং কমিটির সভাপতি পদ থেকে অব্যাহতি ও উপজেলা নির্বাহী কর্মকর্তাকে ম্যানেজিং কমিটির সভাপতি হিসেবে মনোনয়ন করে ১৫-১২-২০১৫ খ্রি. তারিখে বিঅ-৬/৬৯০০/ ২০৮৫ নং স্মারক পত্রে অনুমোদন দেওয়া হয়েছে।

এমতাবস্থায়, ঝিনাইদহ জেলার কোটচাঁদপুর উপজেলাধীন কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মনোনয়নের জন্য বোর্ড কর্তৃক মন্ত্রণালয়ের নির্দেশনা বাস্তবায়ন না করা অনিচ্ছাকৃত ভুল। এরকম অনিচ্ছাকৃত ভুল ভবিষ্যতে আর যেন না হয় সে বিষয়ে সতর্ক থাকবো।

সচিব
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ :
জনাব অসীম কুমার কর্মকার
সহকারী সচিব
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

আপনার অনুগত,


(প্রফেসর মোঃ আব্দুল মজিদ)

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৪০

e-mail : chairman@jessoreboard.gov.bd-